তারিখ ··22··JUL··2016·· ···
পৃষ্ঠা ··· ৬ ··· কলাম ··· ৩ ······

দৈনিক
আমাদের সময়

# নর্থ সাউথের ৪ শিক্ষার্থী নিখোঁজ

নিজস্ব প্রতিবেদক ●
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের চার শিক্ষার্থীকে খুঁজে পাওয়া যাচ্ছে না বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আতিকুল ইসলাম। গতকাল সন্ধ্যায় গণমাধ্যমকে তিনি এ তথ্য জানান।

অধ্যাপক আতিকুল ইসলাম বলেন, এ ঘটনায় আমরা উদ্বিগ্ন এবং এ বিষয়ে আইনশৃঙ্খলা বাহিনীকে অবগত করেছি। গুলশানের হলি আর্টিজান রেস্টুরেন্টে হামলার ঘটনার পর থেকে বেশ কয়েক দিন থেকেই আলোচনা-সমালোচনায় রয়েছে এই বেসরকারি বিশ্ববিদ্যালয়টি। এরই মধ্যে ৪ শিক্ষার্থী নিখোঁজের এ খবর পাওয়া গেল।